# বিএনপির নির্বাচনী থিম সং প্রকাশ শুরু প্রচারণা



সংগৃহীত ছবি

নির্বাচনী থিম সং প্রকাশের মাধ্যমে বিএনপি আনুষ্ঠানিকভাবে ভোটের প্রচারণা শুরু করেছে। এ সময় দলের চেয়ারম্যান তারেক রহমান সিলেট সফরে রয়েছেন এবং সেখান থেকেই ভোটের বার্তা সাধারণ মানুষের কাছে পৌঁছানোর কার্যক্রম শুরু হবে

বুধবার ২১ জানুয়ারি দিবাগত রাত ১২টার পর বিএনপি নতুন কর্মপরিকল্পনা ও নির্বাচনী ইশতেহারের রূপরেখা প্রকাশ করতে শুরু করে। দলটির দাবি এবারের ইশতেহার শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ১৯ দফা এবং বেগম খালেদা জিয়ার ভিশন ২০৩০ ভিত্তিক হবে।

রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে থিম সং উদ্বোধন করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ ও নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক ইসমাইল জবিউল্লাহ। থিম সংয়ে ভোট দিবো কিসে ধানের শীষে এবং সবার আগে বাংলাদেশসহ একাধিক স্লোগান যুক্ত করা হয়েছে।

রিজভী বলেন বাংলাদেশি জাতীয়তাবাদের প্রতীক ধানের শীষ শুধু একটি নির্বাচন চিহ্ন নয় এটি গ্রাম বাংলার প্রতিনিধিত্ব করে। তিনি বলেন নানা বিধিনিষেধের কারণে আগের মতো নির্বাচনী উৎসব না থাকলেও মানুষের ভোটাধিকার ফিরে পাওয়ার আকাঙ্ক্ষা এখনও অটুট।

তিনি আরও বলেন ধানের শীষ মানুষের হৃদয়ে মিশে আছে এবং এই প্রতীক কখনও মুছে ফেলা যাবে না।

LENS ASIA